যুগান্তর

তারিখ : 21 JUL 2016
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩
ঢাকা

# সেকায়েপ প্রকল্পে ১৫০০ শিক্ষক নিয়োগ

▷ চাকরির খোঁজ প্রতিবেদক

দেড় হাজার শিক্ষক নিয়োগ দেয়া হবে শিক্ষা মন্ত্রণালয়ের অধীন সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাক্সেস এনহেন্সমেন্ট (সেকায়েপ) প্রকল্পে। সারা দেশের ৫৬১টি মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানে অতিরিক্ত ক্লাস শিক্ষক (এসিটি) পদে এসব নিয়োগ দেয়া হবে। ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে (পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞান) শিক্ষক নেয়া হবে। প্রত্যন্ত অঞ্চলে শিক্ষা ছড়িয়ে দিতে ও এর মান উন্নয়নে যারা আগ্রহী তাদের জন্য এটি একটি সুযোগ। অস্থায়ী ভিত্তিতে এ নিয়োগ দেয়া হলেও পরবর্তী সময়ে রেগুলার সাবজেক্ট টিচার হিসেবে এমপিওভুক্ত করে নেয়ার সম্ভাবনা রয়েছে। নারী প্রার্থীদের আবেদন করতে উৎসাহিত করা হয়েছে। প্রার্থীদের কোনো ইন্টারভিউয়ের মুখোমুখি হতে হবে না। একাডেমিক রেজাল্টের ভিত্তিতে নিয়োগ দেয়া হবে। প্রকল্পটির অর্থায়ন করছে বিশ্ব ব্যাংক।

## ডেটলাইন

আগ্রহীরা ২১ জুলাই ২০১৬ পর্যন্ত অনলাইনে এবং ৩০ জুলাই পর্যন্ত সরাসরি দরখাস্ত জমা দিয়ে আবেদন করতে পারবেন।

## আবেদনের যোগ্যতা

বিজ্ঞপ্তি অনুযায়ী ইংরেজি, গণিত ও বিজ্ঞানের তিনটি (পদার্থবিজ্ঞান, রসায়ন ও জীববিজ্ঞান) বিষয়ের প্রার্থীরা আবেদন করতে পারবেন। ইংরেজি বিষয়ে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ইংরেজিতে স্নাতক ডিগ্রি থাকতে হবে অথবা স্নাতক পর্যায়ে ইংরেজিতে অন্তত ৩০০ নম্বর অথবা সমান ক্রেডিট ঘণ্টা থাকতে হবে এবং গড়ে কমপক্ষে শতকরা ৫০ নম্বর থাকতে হবে। গণিতের শিক্ষক পদে আবেদনের জন্য এ বিষয়ে বিএসসি ডিগ্রিধারী হতে হবে। অথবা স্নাতক পর্যায়ে গণিতে ৩০০ নম্বর বা সমান ক্রেডিট ঘণ্টা থাকতে হবে এবং গড়ে কমপক্ষে শতকরা ৫০ নম্বর থাকতে হবে। বিজ্ঞান বিষয়ের প্রার্থীকে বিএসসি ডিগ্রি থাকতে হবে। অথবা ডিগ্রি পাসকোর্সের ক্ষেত্রে পদার্থবিজ্ঞান, রসায়ন বা জীববিজ্ঞানে ৩০০ নম্বর বা সমান ক্রেডিট ঘণ্টা থাকতে হবে এবং গড়ে কমপক্ষে শতকরা ৫০ নম্বর থাকতে হবে। কোনো বিষয়ে পরীক্ষায় গড়ে ৫০ শতাংশের কম এবং সিজিপিএ ৫-এর স্কেলে ৩ ও ৪-এর স্কেলে ২.৫ থাকলে আবেদন করা যাবে না। এমপিওভুক্ত শিক্ষকের এ পদের জন্য আবেদনের দরকার নেই। এছাড়া বাংলাদেশের নাগরিক হতে হবে। যোগ্যতা থাকা যে কেউ বা যে কোনো বয়সের প্রার্থীরা আবেদন করতে পারবেন।

## সম্মানী

শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এবং সেকায়েপ প্রকল্পের পরিচালক ড. মাহমুদ-উল হক স্বাক্ষরিত বিজ্ঞপ্তি সূত্রে জানা গেছে, স্নাতক পর্যায়ে প্রথম শ্রেণী বা সমমানের ফলাফল থাকলে মাসিক সম্মানী দেয়া হবে ২৫০০০ টাকা। দ্বিতীয় শ্রেণী বা সমমানের ফলাফল থাকলে মাসিক সম্মানী দেয়া হবে ২২০০০ টাকা। অগ্রণী ব্যাংকের উপজেলা শাখা থেকে এসিটির নিজস্ব ব্যাংক হিসাব থেকে সম্মানীর টাকা পাওয়া যাবে। প্রকল্পের মেয়াদ বাড়লে চাকরির মেয়াদ বাড়ারও সুযোগ থাকবে। সেই সঙ্গে এমপিওভুক্ত করে নেয়ারও সম্ভাবনা রয়েছে।

## লক্ষ্য

জানা গেছে, ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে কোনো বিষয়ভিত্তিক শিক্ষক নেই অথবা অপর্যাপ্ত এমন সব স্কুল-মাদ্রাসাকে সহায়তা করা অতিরিক্ত ক্লাস কর্মসূচির (এসিটি) লক্ষ্য। প্রকল্পের অতিরিক্ত ক্লাস শিক্ষকদের এক বছর অর্থাৎ ২০১৭ সালের জন্য নিয়োগ দেয়া হবে। প্রকল্পে দেশের ৬৪টি জেলায় নির্ধারিত ৬৪টি উপজেলায় অবস্থিত ২ হাজার স্কুল ও মাদ্রাসায় মোট ৬ হাজার অতিরিক্ত শ্রেণী শিক্ষক নিয়োগ করা হবে বলে সেকায়েপ সূত্রে জানা গেছে।

## আবেদন পদ্ধতি

www.seqaep.gov.bd/jobs অথবা bit.ly/29xxgxn ওয়েব ঠিকানায় পাওয়া যাবে আবেদন ফরম, অনলাইনে আবেদন ফরম পূরণের যাবতীয় তথ্য ও বিজ্ঞপ্তি। অনলাইনে আবেদন ফরম পূরণ করে সাবমিট করার শেষ তারিখ ২১ জুলাই। অনলাইনে আবেদনের কপিসহ প্রয়োজনীয় কাগজপত্র সরাসরি বা ডাকযোগে ৩০ জুলাইয়ের মধ্যে প্রকল্প পরিচালক, সেকায়েপ, শিক্ষা ভবন, ব্লক-২, তৃতীয় তলা, ১৬ আবদুল গনি রোড, ঢাকা-১০০০ ঠিকানায় পাঠাতে হবে। প্রিন্ট করা আবেদনের সঙ্গে যুক্ত করতে হবে সব শিক্ষাগত যোগ্যতার সনদ ও নম্বরপত্রের সত্যায়িত কপি, সম্প্রতি তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি। খামের ওপর উল্লেখ করতে হবে পদের নাম ও বিষয়ের নাম। ৯৫৫৫১৩৭ নম্বরে প্রয়োজনে ফোন করতে পারেন।

## প্রার্থী নির্বাচন

প্রার্থীদের আবেদনপত্র যাচাই-বাছাই করে মেধা ও ফলাফলের ভিত্তিতে এ বছরের ডিসেম্বর মাসের মধ্যে শুধু নির্বাচিত প্রার্থীদের তালিকা সেকায়েপের ওয়েবসাইট ও নির্বাচিত প্রার্থীদের মুঠোফোনে খুদে বার্তার মাধ্যমে জানানো হবে। জানুয়ারিতে তাদের নির্ধারিত উপজেলার স্কুল ও মাদ্রাসাগুলোতে চূড়ান্তভাবে নিয়োগ করা হবে। আবেদনকারীকে এসিটিভুক্ত নিজ বা পার্শ্ববর্তী উপজেলার অধিবাসী হতে হবে। উপজেলাগুলোর তালিকা রয়েছে বিজ্ঞপ্তিতে।

## পাঠদান

অতিরিক্ত ক্লাস শিক্ষকরা নিয়মিত শিক্ষকদের মতো ক্লাস নেবেন। সেই সঙ্গে ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে পিছিয়ে পড়া শিক্ষার্থীদের তাদের সমস্যা সমাধানে পরামর্শ দেবেন। প্রতি মাসে একজন অতিরিক্ত ক্লাস শিক্ষককে নিয়মিত ক্লাসের পাশাপাশি অতিরিক্ত ১৬টি ক্লাস নিতে হবে।